



## এইচএসসি পরীক্ষা কাল শুরু, কোচিং বন্ধসহ নানা ব্যবস্থা

প্রকাশিত: ৩১ - মার্চ, ২০১৯ ১২:০০ এ. এম.

স্টাফ রিপোর্টার ॥ প্রশ্নফাঁসসহ সব ধরনের অব্যবস্থাপনা রোধে কঠোর পদক্ষেপের মধ্য দিয়ে আগামীকাল সোমবার থেকে দেশজুড়ে শুরু হচ্ছে এইচএসসি ও সমমানের পরীক্ষা। প্রথমদিন সকাল দশটা থেকে বেলা একটা পর্যন্ত বাংলা প্রথমপত্র পরীক্ষায় বসছে ১৩ লাখ ৫১ হাজার ৫০৫ পরীক্ষার্থী। এদিকে পরীক্ষাকে নির্বিঘ্ন করতে নেয়া হয়েছে কোচিং সেন্টার বন্ধসহ অন্তত ২২ ধরনের পদক্ষেপ। পরীক্ষা চলাকালীন প্রশ্নফাঁসের গুজবে কান না দিতে পরীক্ষার্থী ও অভিভাবকদের প্রতি আহ্বান জানিয়েছেন শিক্ষামন্ত্রী ডাঃ দীপু মনি। জানা গেছে, এবার গত বছরের চেয়ে পরীক্ষার্থী বেড়েছে ৪০ হাজার ৪৮ জন। মোট পরীক্ষার্থীর মধ্যে ছয় লাখ ৬৪ হাজার ৪৯৬ জন ছাত্র, বাকি ছয় লাখ ৮৭ হাজার ৯ জন ছাত্রী। প্রশ্নফাঁসসহ নানা অপকর্মে কোচিং সেন্টারের সম্পৃক্ততার প্রেক্ষাপটে পরীক্ষার সময় আগামীকাল থেকে ৬ মে পরীক্ষার শেষ পর্যন্ত সারাদেশে সব ধরনের কোচিং সেন্টার বন্ধ রাখার নির্দেশ দিয়েছে সরকার।

শিক্ষামন্ত্রী ডাঃ দীপু মনি বলেছেন, দেশে নানান রকমের কোচিং সেন্টার রয়েছে। আইডিয়ালি কী হওয়ার কথা- শুধু যে পরীক্ষা হচ্ছে সে পরীক্ষার কোচিং বন্ধ থাকলে চলত। কিন্তু আমাদের এখানে একই জায়গায় ভিন্ন ভিন্ন রকমের কোচিং হয়, তারপরেও আমরা দেখেছি যখন নিষেধ করা হয় তখনও কিছু অসাধু ব্যক্তি নানাভাবে ওই নিষেধাজ্ঞাকে এড়িয়ে অসহিত অবলম্বন করেন এবং কোচিং সেন্টার খোলা রাখার বিভিন্ন চেষ্টা চালিয়ে যান। সে কারণে আমরা বাধ্য হয়েই সকল ধরনের কোচিং সেন্টার বন্ধ রাখছি। এইচএসসি পরীক্ষার সময় সব কোচিং সেন্টার বন্ধ রাখা হলে অন্য স্তরের শিক্ষার্থীদের যে অসুবিধা হতে পারে।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কত্তক গ্লোব জনকষ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিস্টার্স লি: ও জনকষ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকষ্ঠ ভবন, ২৪/ এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইন্ডিয়া টাউন, জিপিও বাস্তু: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহান্টিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: [www.dailyjanakantha.com](http://www.dailyjanakantha.com) এবং [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com) || Copyright © All rights reserved by dailyjanakantha.com